

## চাঁদপুর অঞ্চলের সাহিত্য সংগঠনের খবর-০২

### শুরু হল পথচলা সময়ের আয়নার

#### স্টাফ রিপোর্টার

মূলধন গঠন, দারিদ্র বিমোচন, স্ব-নির্ভরতা অর্জন ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে নিয়োজিত প্রতিষ্ঠান চাঁদপুরস্থ আয়না পরিবারভুক্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত ও সরকারি সম্মাননাপ্রাপ্ত আয়না বহুমুখী সমবায় সমিতি লি:-এর কর্মসূচি 'সময়ের আয়না' (সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া ও প্রকাশনা বিষয়ক একটি সংগঠন)-এর পথচলা শুরু হল গতকাল ০২ জানুয়ারি, ২০১০ খ্রি. সাল থেকে।



ওই দিন বিকেল ৫টায় সংগঠনের অনন্যা সুপার মার্কেট, মিশন রোডস্থ কার্যালয়ে সংগঠনের সদস্যদের উপস্থিতিতে এক আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন সংগঠনের প্রধান সমন্বয়কারী ফখরুল আলম অপু, সভাপতি মিসেস মাহফুজা জালাল, সহ-সভাপতি সামীম আহমেদ, সহ-সভাপতি মিজানুর রহমান মুন্সী, সাধারণ সম্পাদক মিজানুর রহমান রানা, যুগ্ম সম্পাদক এম. আই. মমিন খান, সহ-সাধারণ সম্পাদক মুস্তা রহমান, সাংগঠনিক সম্পাদক সুরত গুহ রায়, সহ-সাংগঠনিক সম্পাদক মো: দেলোয়ার হোসেন, কোষাধ্যক্ষ মো: আনিছুর রহমান, সহ-কোষাধ্যক্ষ আবদুল মমিন মিতু, সাহিত্য বিষয়ক সম্পাদক দেওয়ান মাসুদ রহমান, সহ-সাহিত্য বিষয়ক সম্পাদক ইমরান হোসেন, প্রকাশনা বিষয়ক সম্পাদক নুরুন্নাহার মুন্সী, সহ-প্রকাশনা বিষয়ক সম্পাদক মুহাম্মদ শেখ সাদী, সংস্কৃতি বিষয়ক সম্পাদক পলাশ কুমার দে, সহ-সংস্কৃতি বিষয়ক সম্পাদক মানিক প্রধানিয়া, ক্রীড়া সম্পাদক মশিউর রহমান মিন্টু, সহ-ক্রীড়া সম্পাদক এইচ. আর. রকি, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক সুমন কুমার দত্ত, সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক এইচএম রফিকুজ্জামান রণি, মহিলা সম্পাদিকা অনামিকা চৌধুরী, সহ-মহিলা সম্পাদিকা চৈতী বেগম, মঞ্চ ও সাজসজ্জা বিষয়ক সম্পাদক কাদের পলাশ, সহ-মঞ্চ ও সাজসজ্জা বিষয়ক সম্পাদক রবিন রায়, দপ্তর সম্পাদক ছোটন রায়, সহ-দপ্তর সম্পাদক সুমন দে, প্রচার সম্পাদক মাসুদ রানা হৃদয়, সহ-প্রচার সম্পাদক সার্বিক আহমেদ শাওন, কার্যকরী সদস্য সুরত দাস টিটু, মো. জাহিদ হাসান খান প্রমুখ।

সভায় সংগঠনের কার্যনির্বাহী কমিটির মনোনীত কর্মকর্তা ও কার্যনির্বাহী সদস্যগণের অভিষেক এবং সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, প্রকাশনা ও আত্ম কর্মসংস্থান বিষয়ক গুরুত্বপূর্ণ বিষয়াবলী আলোচিত ও গৃহীত হয় এবং সংগঠনের সদস্যরা সাহিত্য, সংস্কৃতি, ক্রীড়া, প্রকাশনা ও আত্ম কর্মসংস্থান বিষয়ে নিজেদের পরবর্তী কার্যক্রম সম্পর্কে নিজেদের অভিমত ও ইচ্ছা ব্যক্ত করে বক্তব্য রাখেন।